# Times Today BD

রেজাউল করিম লিটন | খুলনা | 24 April, 2025

বৃহস্পতিবার ( ২৪ মার্চ) বিকেল ৪ টায় ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টারে ওয়েভ ফাউন্ডেশনের ৩৫ তম প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও কেক কাটা হয়েছে।

অনুষ্ঠানে ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক জহির রায়হানের সভপতিত্বে প্রধান অতিথি হিসেবে ছিলেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার তিথি মিত্র। বিশেষ অতিথি হিসেবে ছিলেন দামুড়হুদা ওয়াদুদ শাহ ডিগ্রী কলেজের অধ্যক্ষ মোঃ কামাল উদ্দিন ও দামুড়হুদা মডেল থানার সাব ইন্সপেক্টর মোঃ আসাদ। সংস্থার সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধের সঞ্চালনায় অনুষ্ঠানে বক্তারা সংস্থার শুরু থেকে এ পর্যন্ত বেড়ে ওঠার গল্প ও বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করেন।

বক্তারা বলেন, ওয়েভ ফাউন্ডেশন বাংলাদেশের বর্তমান একটি গুরুত্বপূর্ণ বেসরকারি সংস্থা হিসাবে দেশের উন্নয়নে বিভিন্ন ভূমিকা পালন করছে। চুয়াডাঙ্গা বাসীর পক্ষ থেকে ওয়েভ ফাউন্ডেশনের এই যাত্রা কে স্বাগত এবং সফলতা কামনা করি। জন্মদিনের অনুষ্ঠানে অংশগ্রহণ করেন ওয়েভ ফাউন্ডেশন এর বিভিন্ন কর্মসূচির কর্মী, কর্মকর্তা, উপকারভোগী, বিভিন্ন শ্রেণী পেশার নেতৃবৃন্দ ও স্টৈকহোল্ডারবৃন্দ।

অনুষ্ঠানে আলোচনা সভা শেষে জন্মদিনের কেক কেটে দিবসটি উদযাপন করা হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী ওয়েভ ফাউন্ডেশন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 18:15

URL: https://timestodaybd.com/khulna/9814481412